

শিক্ষা নিয়ে গড়ব দেশ
শেখ হাসিনার বাংলাদেশে

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশে সরকার
কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ
মাদরাসা শিক্ষা অধিদপ্তর
রেডক্রিসেন্ট বোরাক টাওয়ার, লভেলে-০৩
৩৭/৩/এ, ইস্কাটনগার্ডনে রোড, রমনা, ঢাকা-১০০০।
www.dme.gov.bd

স্মারক নং-৫৭.২৫.০০০০.০০৩.০২.০১৮.১৭- ২৫০

তারিখ: ২৯.০৩.২০১৮ খ্রি:।

বিষয়: হযরত শাহ আলী বোগদাদী (রহ:) কামিল মাদরাসার শিক্ষক জনাব কে, এম সাইফুল্লাহকে অত্র মাদরাসার এডহক কমিটির সদস্য সচিব হিসেবে ইসলামি আরবি বিশ্ববিদ্যালয় কর্তৃক মনোনয়ন না দেয়ার অনুরোধ প্রসঙ্গে।

সূত্র: (১) হযরত শাহ আলী বোগদাদী (রহ:) কামিল মাদরাসার স্মারক নং-হ-শ-ম ১৪/২০১৮

তারিখ: ২১.০৩.২০১৮ খ্রি:।

(২) ইসলামি আরবি বিশ্ববিদ্যালয়ের স্মারক নং-ইআবি//রেজি:/প্রশা:/২০১৫/৪০৭৩

তারিখ: ০১.০১.১০.২০১৭ খ্রি:।

(৩) শিক্ষা মন্ত্রণালয়ের স্মারক নং-শিম:/শা:/১১/৩-৯/২০১১/২৫৬

তারিখ: ০৬.০৬.২০১১ খ্রি:।

(৪) শিক্ষা মন্ত্রণালয়ের স্মারক নং-শিম:/শা:/১১/৩-৯/২০১১/৪৮৪

তারিখ: ০৯.০৭.২০১২ খ্রি:।

(৫) মাদরাসা শিক্ষা অধিদপ্তরের স্মারক নং-৫৭.২৫.০০০০.০০৩.০২.০১৮.১৭

তারিখ: ২২.০১.২০১৮ খ্রি:।

উপর্যুক্ত বিষয় ও সূত্রের আলোকে মহোদয়ের সদয় অবগতি ও পরবর্তী ব্যবস্থা গ্রহণের নিমিত্ত জানান যাচ্ছে যে, সূত্রোক্ত ১ নং স্মারক মূলে হযরত শাহ আলী বোগদাদী (রহ:) কামিল মাদরাসার শিক্ষক জনাব কে, এম সাইফুল্লাহ কর্তৃক এ অধিদপ্তরে একখানা আবেদন পত্র দাখিল করা হয়।

০২. দাখিলকৃত আবেদনে জনাব কে, এম সাইফুল্লাহ কর্তৃক নিজেকে বিষয়োক্ত মাদরাসার ভারপ্রাপ্ত অধ্যক্ষ হিসেবে দাবী করে তাঁর (জনাব কে, এম সাইফুল্লাহ) স্বাক্ষরে শিক্ষকদের বেতন-ভাতা উত্তোলনের অনুমতি চাওয়া হয়েছে।

০৩. দাখিলকৃত আবেদনে আরো উল্লেখ করা হয়েছে যে, ইসলামি আরবি বিশ্ববিদ্যালয় কর্তৃক ১৩.০২.২০১৮ তারিখে বিষয়োক্ত মাদরাসার এডহক কমিটি অনুমোদন করা হয়েছে। যদিও অনুমোদনের কপি সংযুক্ত করা হয়নি। অধিকন্তু জনাব কে, এম সাইফুল্লাহকে উক্ত এডহক কমিটির সদস্য সচিব হিসেবে মনোনয়ন দেয়া হয়েছে — এর স্বপক্ষেও কোন প্রমাণক দেয়া হয়নি।

০৩. উল্লেখ্য যে, ইতোমধ্যে সূত্রোক্ত ২, ৩ ও ৪ নং স্মারকের মর্মে মতে জ্যেষ্ঠতার ভিত্তিতে অধ্যক্ষ ও উপাধ্যক্ষের অবর্তমানে বর্ণিত মাদরাসার শিক্ষক জনাব মো: আব্দুছ ছামাদ, সহযোগী অধ্যাপক (বাংলা)কে এ অধিদপ্তর কর্তৃক সূত্রোক্ত ৫নং স্মারকের মাধ্যমে বিষয়োক্ত মাদরাসার ভারপ্রাপ্ত অধ্যক্ষ হিসেবে দায়িত্ব প্রদান করা হয়েছে (কপি সংযুক্ত)।

০৪. আরো উল্লেখ্য যে, বর্ণিত মাদরাসার শিক্ষক তালিকায় জ্যেষ্ঠতার ক্রমানুসারে তিনি (জনাব কে, এম সাইফুল্লাহ) ১২তম অবস্থানে রয়েছেন। জ্যেষ্ঠতার আলোকে তাঁর (জনাব কে, এম সাইফুল্লাহ) উপরে আরো ১১ জন জ্যেষ্ঠ শিক্ষক থাকা অবস্থায় তিনি বর্ণিত মাদরাসার ভারপ্রাপ্ত অধ্যক্ষ হতে পারেন না এবং এডহক কমিটির সদস্য সচিব হতে পারেন না মর্মে স্পষ্ট হয়।

০৫. বর্ণিত অবস্থায় জনাব কে, এম সাইফুল্লাহকে ভারপ্রাপ্ত অধ্যক্ষ হিসেবে এডহক কমিটির সদস্য সচিব মনোনয়ন প্রদান করা হলে সূত্রোক্ত ২, ৩, ও ৪ নং স্মারকের নির্দেশনা তথা ইসলামি আরবি বিশ্ববিদ্যালয় ও শিক্ষা মন্ত্রণালয়ের নির্দেশনা violation এর শামিল হবে মর্মে প্রতীয়মান হয়।

০৬. এমতাবস্থায় হযরত শাহ আলী বোগদাদী (রহ:) কামিল মাদরাসার শিক্ষক জনাব কে, এম সাইফুল্লাহকে অত্র মাদরাসার এডহক কমিটির সদস্য সচিব মনোনয়ন দেয়া হলে তা বাতিলপূর্বক জ্যেষ্ঠতম শিক্ষককে এডহক কমিটির সদস্য সচিব হিসেবে মনোনয়ন প্রদানের জন্য মহোদয়কে নির্দেশক্রমে অনুরোধ করা হলো। বিষয়টি অতীব জরুরী।

সংস্থাপ্তি: ২৯.০৩.১৮ - ০৪ জর্দ।

রেজিস্ট্রার (ভারপ্রাপ্ত)

ইসলামি ও আরবি বিশ্ববিদ্যালয়, বছিলা, ধানমন্ডি, ঢাকা।

অনুলিপি:

০১. সচিব, কারিগরি ও মাদরাসা শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়।

০২. উপ পরিচালক, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর, ঢাকা অঞ্চল

০৩. জেলা শিক্ষা অফিসার, ঢাকা।

০৪. থানা মাধ্যমিক শিক্ষা অপফসার, মিরপুর, ঢাকা।

০৫. অফিস কপি।

A. S. M. A. S.
29.03.18

(মো: আফাজ উদ্দীন)

সহকারী পরিচালক (সর: ও সিনি: মাদরাসা)

মাদরাসা শিক্ষা অধিদপ্তর

ফোন নং-৪১০৩০১৬৭

ই-মেইল-dgdmeb@gmail.com